আমাদের ইন্টারমিডিয়েট স্তরে পড়ানো হয়। ৫ বিষয়ে যেখানে ১১ শ্রেণীর মধ্যে পড়াতে পারে সেখানে বিদ্যালয়ের কার্যকালকে বাড়িয়ে দিয়ে ১০ থেকে ৫টা পর্যন্ত নির্ধারিত করা হয়েছে। ছোট ছোট ১৪ বছরের ছেলেমেরেদের নিয়ে ১০টার সময় এনে বিদ্যালয়ের দেওয়ালে ঢাকিয়ে দিয়ে তারপর ৫টা পর্যন্ত সেখানে বন্দী করে রেখে দিয়ে তার যে ফল হয়েছে সে সন্বন্ধে পরিত্কার ঘোষণা করছি যে তাদের দেহ এবং মনের দিক দিয়ে যে পরীক্ষা আমরা চালাচ্চি সেই পরীক্ষা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। একাদশ শ্রেণীর শিক্ষক হিসাবে আমি একথা ঘোষণা করতে পারি। কাজেই সমস্ত শিক্ষা কমিশনের সমস্ত সুপারিশকে অগ্রাহ্য করে, পুরিথবীর সমস্ত প্রগতিশীল দেশে যে বাবস্থা সেই বাবস্থাকে উপেক্ষা করে হঠাৎ কেন্দ্রীয় শিক্ষা দুর্গতরের কয়েকজন কর্মচারীর খামখেয়াল থেকে উদ্ভূত এই একাদশ শ্রেণীর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের যে পবিকল্পনা সেই পরিকল্পনাকে আমাদের পশ্চিম বাংলা সরকার কি নীতি নিয়ে সফলতার দিকে নিয়ে যাচ্ছেন সেইসব কোন কথার উল্লেখ রাজ্যপাল মহোদয়ার ভাষণে নেই। মুখ্যমন্ত্রীর কাছে বার বার পত্র দিয়েও সরকারী নীতি সম্পর্কে আমরা কিছ, জানতে পারি নি। আমাদের শিক্ষা জগতের যে শনিগ্রহ, যিনি শিক্ষা জগতকে চালাচ্ছেন, যার উপর একনায়কত্ব দিয়ে শিক্ষা দণ্তরের পরিচালনার ভার দেওয়া হয়েছে সেই শিক্ষাসচিব মহাশয়ের কাছে গিয়েও আমরা সে সম্পর্কে কোন সম্পর্ক নীতি জানতে পারি নি। যখনই আমরা বিশ্ববিদ্যালয়ে গিয়েছি, যখনই আমরা মধ্যশিক্ষা পর্যতে গিয়েছি যখনই আমরা ডি. পি. আইএর কাছে গিয়েছি তখনই তাঁদের প্রত্যেকের কাছে এই কথাই আমরা শনেছি যে শিক্ষা সচিব ছাড়া এ সম্পর্কে বিন্দু বিস্বর্গ কেউ জানে না। এর চেয়ে বোধ হয় দঃখের কথা আর কিছু হতে পারে না। এ সম্পর্কে সরকারী নীতি কতটা অস্পন্ট সে সম্পর্কে আমার পর্বে শ্রীয়েক্তা অনিলা দেবী বলেছেন যে কত সংখ্যক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পশ্চিম বাংলায় হয়েছে আজ পর্যন্ত কেউ নির্দিষ্ট করে তা বলতে পারে না। এডকেশন সেক্তেটারী এক সংখ্যা বলছেন, ডি, পি, আই, আর একটা সংখ্যা দিচ্ছেন, যিনি বোর্ডের এ্যাড-মিনিস্টেটর তিনি একটা সংখ্যা দিচ্ছেন, ভাইস-চ্যান্সেলার আবার আর একটা সংখ্যা দিচ্ছেন, সিনেটের সভায় এক রকম আলোচনা হচ্ছে। সেখানে বলছেন ১৪৪ রাজ্যপাল মহোদয়ার সর্বাত্মসাধক বিদ্যালয়ের সংখ্যা ১১০।

[10-20—10-30 a.m.]

কাজেই কটা বিদ্যালয় কোন্ জেলায় গড়ে উঠল সেট্ৰুকু পর্যন্ত আজকে কোন শিক্ষাবিদ সরকারের কাছ থেকে জানতে পারেন নি। সরকারও জানেন কিনা, শিক্ষামন্ত্রী মহাশয়ও জানেন কিনা, সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। এখানে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যে পার্থক্য, যে বৈপরীত্য দেখা যাছে সে সন্পর্কে পরিজ্কার সমালোচনা করতে চাই। এই ১১শ শ্রেণীর বিদ্যালয় গড়বার সময়েতে সরকার বিশ্ববিদ্যালয় বা মধ্যশিক্ষা পর্যদের সঙ্গে কোন রকম আলাপ আলোচনা করবার প্রয়োজনীয়তা অনুভব করেন নি। অথচ মধ্যশিক্ষা সন্পূর্ণ হওয়ার পরে বৃশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে হবে।

- Mr. Chairman: Mr. Roy, you have taken nearly twenty minutes in speaking on one point only. I request you to consider that there are other speakers also. So if you be brief and to the point it will help everybody. That is what I want to bring to your notice.
- Sj. Satya Priya Roy: They have already said that they would only listen and not take part in the discussion. ("No.", "no" from Government benches.) At least Sj. Bejoy Singh Nahar said that.
 - Sj. Bijoy Singh Nahar: I did not say that.
 - Mr. Chairman: If that is the case then all love's labour is lost.
- **8j. Satya Priya Roy:** We have two days allotted for this matter and this is a vital issue on which I am speaking.

Mr. Chairman: You are within your rights to speak but for the convenience of the House I just request you to remember that you have spent nearly twenty minutes on one point only.

Dr. Monindra Mohan Chakrabarty: That is a very important point and Sj. Satya Priya Roy is well-qualified to speak on it. It has a vital bearing on the future educational set-up of West Bengal.

'Sj. Satya Priya Roy:

বিশ্ববিদ্যালয় এবং সরকারের যে বিরোধ দেখা যাচ্ছে সে সম্পর্কে আমি আলোচনা করতে চাই। সরকারের শিক্ষা সচিবের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছিল যে একাদশ শ্রেণীর পাঠ সমাপন কোরে ছেলেমেয়েরা ব্রত্তিমূলক বিদ্যালয়গুলিতে মেডিকেল কলেজ. ইঞ্জিনিয়ারিং কলেজ প্রভাতিতে र्यागमान करारा भारत । किन्छ विन्वविमालस्यत भिरनिए यथन आत्नामना शरामिल **एथन भिरनिए** ২১ জন সভ্যের একটি কমিটি গঠন করা হয়েছিল, এবং তাঁরা যে সম্পারিশ করেছেন তাতে দুরক্ম চিত্র দেখা যায়। আমরা দেখছি যে ১১শ শ্রেণীর পাঠ সমাপন কোরে হাইয়ার দ্কল-লিভিং সাটি ফিকেট এক্সামিনেশন পাশ কোরে তারপরে ছেলেদের গিয়ে ট্রেবার্ষিক স্নাতক ধারায় যোগদান করতে হবে। কিন্তু ট্রেবার্ষিক স্নাতক ধারার প্রথম বার্ষিক পাঠ সমাপনের পর আবার একটা প্রীক্ষা দিতে হবে যেটা হবে পার্বলিক একজামিনেশন : অর্থাৎ বর্তমান ইন্টার্মাডিয়েট প্রীক্ষা যখন নেওয়া ইচ্ছে সেইসময় এই প্রীক্ষা গ্রহণ করা হবে। এই প্রীক্ষার পর ছেলেমেয়েরা কলেন্ডে যোগদান করবার যোগাতা লাভ করবে, ব্যত্তিমূলক কলেন্ডেও যোগদান করতে পারবে। কাজেই সরকার পক্ষ থেকে মাধ্যমিক বিদ্যালয়কে স্বয়ংসম্পূর্ণ করবার কথা যে বলা হচ্ছে তা করা কতটা সম্ভবপর তা জানা নাই। কারণ, বিশ্ববিদ্যালয় ১১শ শ্রেণীর পর ছেলেমেয়েদের বাত্তি-মূলক কাজে যোগদান করবার অধিকার দিতে প্রস্তুত নন। একথা তাঁরা পরিন্কার ঘোষণা করে দিয়েছেন। আমরা এতদিন পর্যন্ত এই নীতি সম্পর্কে আর একটা কথা শানে আসছি যে ১১শ শ্রেণীর বিদ্যালয়গর্নালর মারফত বর্তমান ইন্টার্রামিডিয়েট শিক্ষার যে মান সেই মান পর্যান্ত ছাত্র-ছাত্রীদের পেণছে দেওয়া হবে। কিন্ত বর্তমানে তাঁরা যখন পাঠ্যতালিকা রচনায় হাত দিয়েছেন তখন সরকার এবং মধ্যশিক্ষা পর্ষদের কর্তৃপক্ষ একথা পরিষ্কার ব্রুবতে পেরেছেন যে ১১শ শ্রেণীর বিদ্যালয়ের মারফত ঐ উচ্চ আদর্শে পেশছান কিছুতেই সম্ভবপর নয়। ইতিমধ্যে মধাশিক্ষা পর্যদের পক্ষ থেকে একথা ঘোষণা করা হয়েছে যে আমরা কিছু, কাল অন্ততঃ আগামী ৫-৬ বছরের জন্য এই ১১শ শ্রেণী মার্ফত এই ইন্টার্মাডিয়েট মানের মর্যাদায় পেণছাতে পার্ব না, বর্তমান ইন্টার্মাডিয়েটের প্রথম বর্ষের যে মান সেই মানে পেণছান যাবে। এইটা অন্ততঃ আগামী ক্রেক বংসর ১১শ শ্রেণীর বিদ্যালয়গর্নলর একমাত্র লক্ষ্য। আমি জানি না, এবং কোন শিক্ষাবিদ জানেন কিনা জানি না যে ইন্টারমেডিয়েট ফার্ম্ট ইয়ারএর স্নিদিণ্টি কোন মান বলে কিছ, আছে কিনা। আমার ধারণা ইন্টারমিডিয়েটের দু বছরের পাঠধারার একটা ধারাবাহিকতা আছে। তার একটা স্বর্নিদি টি মান আছে। তাকে আবার খন্ড কোরে প্রথম বংসরের ইন্টার-মিডিয়েটের একটা নির্দিষ্ট মান যে মানে ১১শ শ্রেণীর বিদ্যালগলো ছাত্রদের পেণছে দেবে, এরকম কোন নিদিশ্ট মান আছে বলে আমরা জানি না। কাজেই ১১শ শ্রেণীর বিদ্যালয়গর্নল সম্পূর্ণভাবে ব্যর্থ হবে। অথচ ওর পিছনে অন্ততঃ সরকার দ্ব কোটি টাকা খরচ করছেন, কেন্দ্রীয় সরকারের কাছ থেকেও টাকা আসছে এবং সে টাকাগ্যলো ইট, কাঠ, পাথর, দিয়ে গৃহনিমাণ করতেই অপচিত হচ্ছে। এই পঠনপাঠনের শিক্ষার মান উন্নয়নের কোন ব্যবস্থা এই টাকা খরচের ভিতর দিয়ে সরকার করতে পারেন নি—একথা শিক্ষক সমাজ পরিষ্কার ঘোষণা করতে চান। আজ পশ্চিম বাংলার সমুহত বিশিষ্ট শিক্ষক এবং এমন কি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট পর্যন্ত আমাদের নিখিল বংগ শিক্ষক সমিতির সংগে একমত যে অন্তর্বতীকালে ১১শ শ্রেণী ও ১০ম শ্রেণীর সহাবস্থান থাকবে এবং আন্তেত আন্তেত পাশাপাশি অস্তিতত্ব বজায় রাখা সম্ভব এবং উভয় বিষয়ক বিদ্যালয়ের একই পাঠধারা অনুসূত হওয়া উচিত। তা না হলে দশ শ্রেণীয়, ছ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের একটা সম্পূর্ণ ভিন্ন পাঠধারা অনুসরণ করে এক বছরে

প্রি-ইউনিভারসিটি বা প্রিপ্যারেটরী কোর্স এ গিয়ে একাদশ শ্রেণীর সমস্তটা যেটা ভিন্ন পাঠধারা তা অন্সরণ কোরে যেসমস্ত বিষয় তারা পড়ে নি সেই সমস্ত বিষয় পড়ে কিছ্বতেই তারা হায়ার ক্কুল লিভিং একজামিনেশনএর যোগ্যতা অর্জন করতে পারবে না।

তারপরে এই দুটি ভিন্ন ধারার ১০ শ্রেণী ও ১১ শ্রেণীর বিদ্যালয় প্রবর্তিত হওয়ার ফলে বিদ্যালয়গ্রনির মধ্যে স্ক্রুপণ্ট জাতি বিভেদের স্থিত হবে। ১১শ শ্রেণীর বিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং ১০ শ্রেণীর বিদ্যালয়ের ছাত্রছাত্রী আর তারা এক জাতির শ্রেণীর म,३ পরিগণিত হবে। এই ছাত্রছাত্রীদের সামান্য কোন সংযোগ সন্ভবপর নয়। আমরা একথা পরিজ্কার বলতে পাঠধারার দুই ধরণের বিদ্যালয় প্রবৃতিতি হয় তাহলে একথা যে শুধু আমি বলছি তা নয়, পশ্চিম বাংলার যে শিক্ষক সমিতি আছেন এবং পশ্চিম বাংলার বিশ্ববিদ্যালয়ের সিনেট তাঁরা সকলেই এই দাবী করেছেন যে ভিল্ল ধরণের বিদ্যালয়ের নবম ও দশম শ্রেণীতে একই পাঠধারা প্রবৃতিতি হওয়া উচিত। আমরা এ সম্পর্কে মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর দুফি আকর্ষণ করেছিলাম, কিন্তু তিনি তথন নির্বাচনে অত্যন্ত ব্যস্ত ছিলেন সেইজন্য আমাদের বলেছিলেন যে নির্বাচনের ব্যুস্ততার জন্য শিক্ষা সমস্যার প্রতি দুটি দেবার অবকাশ আমার এখন নেই : কাজেই এখন আমার সংগ্যে আলোচনা না কোরে শিক্ষা সচিব মহাশয়ের সংগ্যে আলোচনা কর। শিক্ষা সচিব মহাশয়ের সঙেগ এ সম্পকে আলোচনা করেছিলাম এবং তখনও বলেছিলাম যদি এই রকম ভিন্ন পাঠধারার দুটো বিদ্যালয় প্রবর্তিত হয় নবম ও দশম শ্রেণীতে, তাহলে এ দুটোর মধ্যে কোন যোগাযোগ থাক্বে না. এক বিদ্যালয় থেকে আর এক বিদ্যালয়ে স্থানান্তরিত হওয়ার স,যোগ ছাত্রছাত্রীদের থাকবে না. এবং ভিন্ন পাঠধারার অন্যসরণ করে কাজ করা চলবে না. তাতে এই রকম সমস্ত তারতম্য এবং অস্কবিধা দেখা দেবে। তিনি সেসমস্ত উপেক্ষা কোরে বলেছিলেন আমরা যে নীতি গ্রহণ করেছি তা শিক্ষার পক্ষে কল্যাণকর, এবং এই ছানুছানীদের যে অর্থ সাহায্য করেন সেই অর্থ সাহায্য থেকে তারা বঞ্চিত হবে। কাজেই তাঁদের যে নীতি সেই নীতি তাঁরা চালিয়ে যাবেন। এদিক থেকে আশা করেছিলাম যে রাজ্যপাল মহোদয়ের ভাষণে এই শিক্ষা সংস্কারের গ্রের্ডপূর্ণ কাজে সরকারের সূত্রপন্ট নীতির নির্দেশ থাকবে। কিন্তু শিক্ষক সমিতির এই দুঃখ যে এ সম্পর্কে সরকারের চিন্তা করবার অবকাশ আজ পর্যন্ত আসে নি। রাজ্যপাল মহোদরার এই যে সরকার সেই সরকার সকলকে এ সম্পর্কে কোন স্কুম্পন্ট নির্দেশ দেন নি। কাজেই সেদিক থেকে শিক্ষামন্ত্রী তথা মুখামন্ত্রী মহাশয়কে জানাব যে যদি এ সম্পর্কে তিনি সক্ষেপট নীতি নির্দেশ না করেন তাহলে শিক্ষকসম্প্রদায়ের পক্ষ থেকে ১৯৫৪ সালে একব্যুর যেরকম কর্মবির্রাত আন্দোলন করবার প্রয়োজন হয়েছিল, তেমনি করে শিক্ষার স্বার্থকে রক্ষা করবার জন্য হাজার হাজার শিক্ষিত যুবক শিক্ষার স্বার্থ এবং দেশের স্বার্থকে রক্ষা করবার জন্য নিখিল বংগ শিক্ষক সমিতির পক্ষ থেকে নেবার প্রয়োজন হবে ১৯৫৪ সালের কর্মবিরতি আন্দেলেনেরও বেশী এক কর্মচারী আন্দোলন গড়ে তোলবার; একথা আমি আবেগবশে বলছি না, অত্যন্ত ধীরে সংস্থে বিবেচনা করে জাতির এই সংকট মুহুতের্ নিখিলবংগ শিক্ষক সমিতির পক্ষে—হয়ত গতান্তর থাকবে না—একথা পরিন্কার কপ্ঠে ঘোষণা করতে চাই।

[10-30-10-40 a.m.]

দিবতীয় যে কথা রাজ্যপাল মহোদয়ার ভাষণে নেই সেটা হচ্ছে শিক্ষকদের বেতন সম্পর্কে: এবং তাদের জীবনে স্ব্যোগস্বিধা দেবার সম্পর্কে কোন উল্লেখ নেই। আমরা দেখতে পাই কেন্দ্রীয় স্রকার থেকে আরম্ভ করে আমাদের রাজ্যসরকার পর্যন্ত, সকলেই শিক্ষকদের দ্বর্দশার জন্য কুম্ভীরাপ্র্রু বিসর্জন করে। শিক্ষকরা কোন রকম অনুগ্রহপ্রার্থী নয়; শিক্ষকরা তাদের নিজেদের দাবী ও অধিকারের উপর দাঁড়াতে চায়। আমরা এটা জানি যে শিক্ষকদের যদি মর্যাদা বাড়ে এবং তাদের জীবনে স্ব্যোগস্বিধা বাড়ে সেটা তাহলে প্রতিফালত হবে ছাত্রছারীদের জীবনে এবং আমাদের জাতীয় জীবনে। শিক্ষকরা বাচবার মত বৈতনমাত দাবী করে এবং সেইজন্য সমাজে যে মর্জাদা দাবী করে সেটা আমাদের দেশে সবচেয়ে কম। প্রধানমন্ত্রী মহাশয় দৃঃখ করে বলেছিলেন যে আমি জেনে দৃঃখিত যে শিক্ষকদের বেতন অফিসের চাপড়াসির চেয়েও কম। কিন্ত সংগ্রু বিভাব এও বলেছিলেন যে শিক্ষকদের বেতন তিনি বাডাতে পারেন

না কারণ এখন যেসমুস্ত বড় বড় প্রজেক্ট বা পরিকল্পনা নির্মেছি তার জনাই আমাদের প্রয়োজনীয় অর্থ নেই। সতেরাং শিক্ষকদের দাবী সংগত হলেও তাদের বেতন বাড়াতে পারি না। এই একই মনোভাব আমাদের রাজ্যসরকারের মনের মধ্যে কান্ধ করছে। আমি এখানে পরিষ্কার করে মুখামূলীকে জানিয়ে দিতে চাই যে শিক্ষকসমাজ স্বার্থ প্রণোদিত হয়ে এই কথা দাবী করে নি যে দেশের উন্নতির জন্য যেসব জাতীয় গঠনমূলক পরিকল্পনা গৃহীত হয়েছে সেইসব পারকল্পনা খর্ব করে শিক্ষকদের বেতনে অর্থ সংগ্রহ করা হ'ক সেই কথা শিক্ষক সমাজ দাবী করে নি কারণ শিক্ষকরা জানেন যে এতে শিক্ষক সমাজের কল্যাণ হতে পারে না। যে সমাজে তাদের বাস সেটা হচ্ছে শিক্ষক সমাজ এবং সেদিক থেকে দেখা যাবে যে তাদের বেতন চাপডাসীর চেয়েও ক্ম-এর চেয়ে অপমান আর কি হতে পারে। পরিকল্পনার প্রসার কমিয়ে তাদের এবং পরিকল্পনা বার্থা করে শিক্ষকদের বেতন বৃদ্ধি করা হক এটা শিক্ষকরা দাবী করে না কিন্তু এখানে তার সংখ্য মুখ্যমন্ত্রী মহাশয়কে এ আবেদন জানাচ্ছি। একথা পরিক্কার বলছি যে যতই বড় বড় পরিকল্পনা করুন না কেন, যতই বড বড প্রতিষ্ঠান বা সৌধ নির্মাণ করুন না কেন যদি শিক্ষকদের অবস্থার উন্নতি না হয় তাহলে শিক্ষার মানের উন্নতি হবে না। যদি শিক্ষকদের বাঁচবার মত স্থোগ-স্ববিধা সরকার থেকে ব্যবস্থা করা না হয় তাহলে বড় বড় প্রজেক্ট করার কোন স্বার্থ কতা নেই। কিন্ত দুঃখের কথা যে রাজ্যপাল মহোদয়ার ভাষণে এ বিষয়ের বিন্দুমার উল্লেখ নেই। মুখ্যমন্ত্রী মহাশয় তথা শিক্ষা মন্ত্রীমহাশয় তাঁর জাপান বিহারের পূর্বক্ষণে পরিষ্কার ঘোষণা করেছিলেন যে প্রার্থামক শিক্ষকদের কিছা বেতন বাড়ান গেল এবং তিনি ফিরে এসে দেখবেন যাতে মাধ্যামক শিক্ষকদের বেতন বাডে। দীর্ঘকাল হল তিনি জাপান থেকে ফিকে এসেছেন তারপর নির্বাচনের বৈতরণীও পার হয়েছেন কিন্ত এখন পর্যন্ত মাধ্যমিক শিক্ষকদের জন্য কোন রকম নতন বেতন প্রবর্তনের পরিকল্পনা করেছেন কিনা আমরা জানি না। আশা করি এই সম্পর্কে তিনি স**ুস্প**ন্ট নীতি ঘোষণা করবেন। আমরা জানি মনোলিয়ার কমিশন, দে কমিশন, এবং রাধাক্ষণন কমিশন প্রত্যেকটি কমিশনএ এই কথাই পরিষ্কার বলা হয়েছে যে শিক্ষকদের বেতনের যে মান তার উন্নতি যদি না করা হয়, শিক্ষকদের এই অভাব যদি দূরে করা না হয় তাহলে যে কথা তারা স্পারিশ করেছেন তা সমদ্তই বার্থ হয়ে যেতে বাধা। কিন্তু বার বার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্তে এই শিক্ষকদের বেতনের হার বৃদ্ধি বিষয়ে সরকার পক্ষ থেকে কোন কথা বলা হয় নি। এমন কি দে কমিশন এমন কিছা বেশী স্বাপারিশ করে নি এবং সরকারের ক্যাবিনেট এই কথা পরিষ্কার ঘোষণা করেছিল যে তারা দে কমিশনএর স্পারিশ মোটাম্টি মেনে নিচ্ছেন। কিম্তু দে কমিশনএ যে বেতনের হার উল্লেখ আছে সেটা কবে থেকে তারা প্রবর্তন করছেন সে সম্পর্কে মুখামন্ত্রী মহাশয় তথা শিক্ষামন্ত্রী আজ পর্যন্ত কোন ঘোষণা করে নি। আশা করি মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষকদের বেতন বুদ্ধি সম্পর্কে সরকারের কি পরিকম্পনা আছে সেটা তাঁরা ঘোষণা করবেন।

তৃতীয়তঃ, আমাদের শিক্ষক সমাজ আন্দোলন ক'রে যেট্রকু পেয়েছে, যার ফলে সরকারী কর্তৃপক্ষ মাধ্যমিক শিক্ষকদের মহার্ঘ ভাতা বাড়িয়ে দিয়েছেন কিন্তু মাধ্যমিক বিদ্যালয়ে যার্য কার্জ করে কার্রাণক তাদের কর্তৃপক্ষ এক পয়সাও ভাতা বাড়ান নি। আমরা বার বার বলেছিলাম যে বিদ্যালয়ের শিক্ষকদের থেকে তাদের আমরা আলাদা করে দেখি না। শিক্ষকদের যেমন বাঁচবার প্রয়োজন আছে তাদেরও বাঁচবার প্রয়োজন আছে। এবং বিদ্যালয়ে শিক্ষকদের যেমন অবদান আছে তাদেরও অবদান আছে। সেইজন্য এইসব কার্রাণক ও অধদ্তন কর্মচারীদের জন্য শিক্ষকদের যেমন সাড়ে সতের টাকা মহার্ঘ ভাতা দেওয়া হয় সেইরকম তাদেরও যেন অন্ততঃ দশ টাকা দেওয়া হয়। কিন্তু সে সন্পর্কে সরকার আজ পর্যন্ত কোন রকম নীতি ঘোষণা করেন নি। আমি আশা করি এই বিতর্ক সভাতে উত্তর দেবার কালে আমাদের মুখ্যমন্দ্রী মহাশয় শিক্ষক সন্বন্ধে যে প্রশ্ন উঠেছে অনুগ্রহ করে তার জবাব দেবেন।

[At this stage the blue light was lit.]

Why should we be in a hurry, I do not know? We have been assured by that side of the House that they are not interested in this discussion and that they are not going to take part in the discussion. As we are interested in the debate, why not give us some time to place our points before the House and before the public?

- Mr. Chairman: You can very well go on and speak on your last point, but if you had looked into the Supplementary Estimate you would have seen that there are matters on which you could more appropriately speak on that occasion, and you will have to repeat on that occasion all that you have said now. That will be more appropriate in connection with "Expansion and Upgrading of High Schools Course (Academic Type)." However, please finish. You have taken over 35 minutes.
- 8j. Satya Priya Roy: I was just now speaking on the last point of my amendment—expanding facilities for Higher Education in the State particularly in Science and Technology.

এই সরকার দ্বিতীয় পশুবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে অনেক কথা ঘোষণা করেছেন। সরকার বারবার ঘোষণা করেন যে এই দ্বিতীয় পশুবার্ষিকী পরিকল্পনা সফল করে তোলবার জন্য অনেক বৈজ্ঞানিক, অনেক কারীগর চাই। কিন্তু সেটা যদি দরকার হয় তাহলে এর ব্যবস্থা করবার জন্য কোন প্রচেণ্টা এ সন্ধকারের নাই একথা আমরা ঘোষণা করতে পারি। এতদিন পর্যন্ত যেভাবে সায়েন্স পড়াবার পরিকল্পনা বিশ্ববিদ্যালয়ের ছিল আজো তাই আছে। আমরা এখন পর্যন্ত দেখতে পাই যে বহু ছারছারী প্রতি বংসর এম, এ, এম, এস-সিতে আসন না পেয়ে ব্যার্থমনোরথ হয়ে ফিরে চলে যায় এটা সকলেই জানেন। এমনকি অনাস্য নিয়ে যারা বি, এস-সি পাস করে তারাও এম, এস-সির আসন পায় না। সেদিক থেকে আসন বাড়াবার কি ব্যবস্থা সরকার করতে চাচ্ছেন সে সম্পর্কে কোন স্কুসপট ঘোষণা আমরা পাই নি। রাজ্যপাল মহোদয়ার ভাষণের মধ্য দিয়ে আমরা সরকারকে জানাবার যে স্থোগ পেয়েছি তাতে আমরা ম্খ্যমন্ত্রী মহাশয়কে বলছি যে এই বিতর্কের উত্তর্জ দেবার সময় তিনি যেন আমাদের পরিক্রার করে বলে দেন যে এ সম্পর্কে তারা কি ব্যবস্থা করতে যাচ্ছেন।

টেকনলজি সম্পর্কে ঐ একই কথা। টেকনলজিকেল শুধু কেন এমন কি টেকনিক্যাল এড়ুকেশন সম্পর্কে তাঁরা কোন ব্যবস্থা করতে পারেন নি সেটা পরিজ্ঞার হয়ে গিয়েছে এখানে কালকাটা ইঞ্জিনিয়ারিং কলেজএর ছাত্রদের অপ্রীতিকর অবস্থার মধ্য দিয়ে। ক্যালকাটা ইঞ্জিনিয়ারিং কলেজএর ছাত্ররা দাবী করেছিল যে কলেজএর অনুমোদন তাদের দেওয়া হ'ক, এবং তাদের পরীক্ষা দেবার সুযোগ দেওয়া হ'ক্। কিন্তু আমাদের সরকার তাতে রাজী হন নি, অথচ এই সরকারই বারবার বলেছেন যে, হাজার হাজার কারিগর ও কমী তাদের এইসব পরিকল্পনা সফল করবার জন্য দরকার।

শিক্ষা সম্পর্কে পরিশেষে আমি এই কথাই বলবো যে আজ আমাদের এই সরকার রাজনীতি নিয়ে এত ব্যস্ত যে চটকদার কতকগৃলি পরিকল্পনা নিয়ে জনসাধারণের মনে বিদ্রান্ত স্থিতি করার আকাক্ষা তাদের এত অধিক যে বাস্তবিক কোন কাজ তারা শিক্ষক সমাজের জন্য করে নি এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি আশা করি যে এই নীতির তাঁরা পরিবর্তন করবেন এবং শিক্ষক সম্পর্কে তাঁরা আর একট্ চিন্তা করবেন যাতে তাঁরা শিক্ষকদের জন্য গঠনমূলক ও কল্যাণমূলক পথে অগ্রসর হতে পারেন। এই আবেদন করে আমি আমার বন্তব্য শেষ করছি।

[10-40-10-50 a.m.]

Mr. Chairman: Dr. Chakrabarty, your amendment was received late and it has been circulated. If you want to speak, you can speak now.

Dr. Monindra Mohan Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহোদর, আমার পূর্ববতী বস্তারা শিক্ষা সমস্যা সম্বন্ধে অনেক কথা বলেছেন। আমার এ সম্পর্কে বলবার ইচ্ছা থাকলেও আমি সর্বপ্রথমে সেকথা না বলে অন্য একটা সমস্যার কথা উল্লেখ করব আমাদের মাননীয়া রাজ্যপাল মহাশয়ার ভাষণ প্রসংগা। আমাদের রাজ্যপাল তাঁর ভাষণের প্রথম পৃষ্ঠায় এবং দ্বিতীয় পৃষ্ঠায় খাদ্যদ্রব্যের দর বৃদ্ধি সম্পর্কে বলতে গিয়ে বলেছেন যে.

"Commodity prices and the cost of living recorded a steady rise during the whole of the year thus reversing the downward trend of the previous year."

তারপরে বলেছেন

•"This rise was due not so much to the intrinsic worsening of the supply position as to a fall in the value of money caused by inflation".

আমাদের মাননীয়া রাজ্যপাল একথা নিশ্চয়ই উল্লেখ করেছেন তাঁর সনুযোগ্য খাদ্যান্ত্রী এবং ত্রাণমন্ত্রী শ্রীপ্রফল্প চন্দ্র সেন মহাশয়ের উপদেশে। এই যে যুক্তি দেখান হয়েছে সেটা তাঁদের অভ্যাসে পরিণত হয়ে যাচ্ছে যে.

the rise is not due so much to intrinsic worsening of the supply position as to a fall in the value of money.

যখন দুটির্ভাক্ষে লোক মারা যায় তখন এবা বলেন দুটির্ভাক্ত হয় নি, খাদ্যের প্রাচুর্য একটা কমে গিয়েছে এবং সেজন্য লোকের ব্রয়শন্তি কমে গিয়েছে। এই যে ঘ্রিয়ে নাক দেখানো এর কোন মানে হয় না। প্রত্যেক ব্যাপারেই এটা হচ্ছে। মাননীয়া রাজ্যপাল মহাশয়া এই বক্ততা করেছিলেন গত ২৮এ জানুয়ারী, ১৯৫৭ সাল। আমি গত ২৩এ ফেব্রুয়ারী, ১৯৫৬ সাল থেকে ১৯৫৭ সালের ২৩এ ফেব্রুয়ারী এই বংসরে খাদ্যদ্রব্যের দাম কিভাবে বেড়ে গিয়েছে তার হিসাবটা 'ক্যাপিটাল' পত্রিকা থেকে উন্ধ্রতি দিলেই পরিষ্কার হয়ে যায়। এর থেকে ব্রুঝা যায় মন্ত্রী মহাশয় তাঁকে উপযুক্ত পরামর্শ দেন নি। যেমন ধর্ন, ১৯৫৬ সালের ২৫এ ফেব্রুয়ারী তারিখে খাদাদুব্যের মূল্যমান ছিল ৩৪৬; আর ২৬এ জান্য়ারী যখন রাজ্যপাল তাঁর ভাষণ লিখছেন সে সময় সেটা হল গিয়ে ৩৯৯.৭। এভাবেই ক্রমণ বেডে যাচেছ, অথচ তিনি লিখছেন, মাই গভর্নমেন্ট ক্লোজাল ওয়াচ করা সত্ত্বেও খাদ্যদ্রব্যের মূল্য গত এক বংসরের মধ্যে কেবাল বেডে যাচ্ছে। শুধু তাই নয়, খাদাশসোর যে দর ১৯৫৬ সালের ২৫এ ফেব্রুয়ারী তারিখে ৪৩০ ছিল সেটা ২৩এ ফেব্রুয়ারী ১৯৫৭ সালে ৫২৯ হয়েছে। এভাবে ক্রমাগত বেড়ে যাচ্ছে। তারপর যারা শিল্পের কাঁচামালের ব্যবসা করে তাদের অবস্থা দেখন। গত ১ বংসরের মধ্যে অর্থাৎ २७७ रुड्याती ১৯७७ माल ८५८ ७ थएक २०७ रुड्याती ১৯७१ माल ७५८ । তারপর তৈলবীজ ২৫এ ফেব্রুয়ারী ১৯৫৬ সালে ৪৬৫ থেকে এক বংসরে ২৩এ ফেব্রুয়ারী ১৯৫৭ সালে ৫৫৬। তারপর সূতীবন্দ্রে ৪০৯ থেকে ৪১০। আর সমস্ত পণ্য ৩৮১ ৩ থেকে ৪২১ ৬ হয়েছে অর্থাৎ কিনা গত এক বৎসরের মধ্যে এমন ক্লোজলি ওয়াচ করছেন আমাদের সাযোগ্য খাদ্য ও সরবরাহমন্ত্রী যে সমুহত জিনিসেরই দর ক্রমাগত বেডে যাচ্ছে। তাঁরা বলছেন ইনফ্লেশনের জন্য এটা হচ্ছে, তাঁদের কোন দোষ নাই। কিন্তু ইনফ্লেশন হয় কেন? এইরকম ধরনের ভাষণ ইলেকশনএর প্রাক্ষালে দিয়েছিলেন, এবং তাতে বিতর্ক করতেও দেন নি। বিতর্ক করতে দিলে কি অবস্থা হত। এই তো গেল সাংলাই পজিসন। তারপর, আমাদের রাজ্যপাল মহাশয়ার ভাষণে রয়েছে—দি ময়রোক্ষী রিজারভার প্রজেষ্ট ইজ নাউ কর্মাপলট। আমি গতকাল বিকালে ময়রাক্ষীতে ছিলাম। সেখানে মাত্র ৮০০ কিলোওয়াট তৈরী হচ্ছে যেখানে ৪.০০০ কিলোওয়াট হ্বার কথা। সেখানে একটি জিনিস দেখে আনন্দিত হলাম যে বাণ্গালী ইঞ্জিনিয়াররা কাজ করছেন। এ'রা বলছেন আডাই লক্ষ একর জমিতে জল দিচ্ছেন—

21 lakh acres of land have already been irrigated under the scheme. কিন্তু আমি যতদ্র জানলাম এটা মোটেই সত্য নয়। এখানে ইরিগেশন মিনিস্টার আছেন, তিনি ইচ্ছা করলে আমার কথা কন্টাডিক্ট করতে পারেন।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

খারিফের সিজনএ দেওয়া হয়েছিল।

Dr. Monindra Mohan Chakrabarty:

খারিফ বলে কেন উল্লেখ করেন নি। এখন দেওয়া হচ্ছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বলেছি তো খারিফ সিজনে দেওয়া হয়েছে।

[10-50—11 a.m.]

Dr. Monindra Mohan Chakrabarty:

তারপর এড কেশন সম্বন্ধে। এখানে বলা হয়েছে—

Education has made steady progress in the year under review......

আমার বন্দ; শ্রীসত্যপ্রিয় রায় এবং শ্রীয়,ক্তা অনিলা দেবী এ সম্পর্কে বলেছেন—এ ব্যাপারে তারা যেসমস্ত কথা বলেছেন আমি সেগ্রনি বলব না। অন্য দু,য়েকটি কথা আমি উল্লেখ করব।

সেটা হচ্ছে যে পশ্চিম বাংলায় প্রাথমিক শিক্ষার যে সেট-আপ—যে ব্যবস্থা, সেটা এখনও পর্যন্ত একটা গ্রামের যে শিক্ষা ব্যবস্থা, সেটা প্রাথমিক শিক্ষার আইনে। মাননীয় সদস্য মহীতোষবাব; উপস্থিত আছেন, তিনি আশা করি সমর্থন করবেন আমাকে। পশ্চিম বাংলার গ্রামের জন্য যে আইন আছে—সেটা হ'ল.

Bengal Rural Primary Education Act of 1930.

এবং মিউনিসিপ্যাল এলাকার মধ্যে যে আইন আছে সেটা হল,

Bengal Primary Education Act of 1919.

কিন্ত এটার স্টেডি প্রগ্রেস হয়েছে গত পাঁচ বৎসরের মধ্যে। আমরা অনেকবার আবেদন জানিয়েছি যে গ্রামের জন্য যে শিক্ষা ব্যবস্থা এবং শহরের জন্য যে শিক্ষা ব্যবস্থা এই দুটা, অর্থাৎ ১৯৩০ সালের আইন আর ১৯১৯ সালের আইন, এই দুটাকে এক করে, একটা কম্প্রিহেনসিভ লেজিস-লেশন দ্বারা, একটা ভাল আইন করা ; যাতে ছয় থেকে এগার বছরের ছেলেমেয়েদের পক্ষে मृतिया रहा। भूय, जारे नह, এर সমन्ज म्ह्यािक एएथ अप्तरकर युक्ट शासन ना य শহর এলাকায় যেসমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে সেগ, লিতে কোন রকম কারও উপর দায়িত্ব নাই। কোন কোন মিউনিসিপ্যালিটির মিউনিসিপ্যাল এলাকায় কয়েকটিমাত মিউনিসিপ্যাল কুল সেখানে আছে, তাদের যে শিক্ষা ব্যবস্থা তা অত্যন্ত অসম্পূর্ণ এবং মিউনিসিপ্যাল এলাকায় তাদের যে বেতন দেওয়া হয় সেটা অত্যন্ত কম ; এবং এমর্নাক কোন কোন ক্ষেত্রে রুরাল এরিয়াতে যেট্রকু বেতন বর্তমান সরকার দিতে পেরেছেন তা অত্যন্ত কম্ সহর এলাকায়, যেখানে জিনিসপতের দাম বেশী, জীবন্যাতার ব্যয় বেশী সেখানে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এতকাল কোন আইন প্রণয়ন করেন নি. এবং গত পাঁচ বছর ধরে তার কোন দায়িত্ব নেন নি। দিনকতক আগে পশ্চিম বাংলার প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির একটা थवत रवित्रसिष्ट्रण : তथन এই विষয়ে শিক্ষামন্তীকে অনুরোধ করেছিলাম, তিনি বললেন যে সহর এলাকায় প্রাথমিক শিক্ষকদের জন্য দায়িত্ব তো তাঁদের নয়, এটা মিউনিসিপ্যালিটির। তারপর আরও বললেন এবং একটা ক্ল্যারিফাই করে বলেন, মিউনিসিপ্যালিটির দায়িত্ব আছে বটে, কিন্তু আমরাও কিছু কিছু সাহায্য দিই। তাঁরা বেতন না দিলে, সে দায়িত্ব আমাদের নয়। অথচ তারা এডুকেশন সেস আদায় করবে আইন প্রয়োগ করে। পশ্চিম বাংলায় ৮৫টি মিউনিসিপ্যালিটি আছে, তার মধ্যে বোলপুর ও দার্জিলিং এই দুটি মাত্র মিউনিসিপ্যালিটিতে কম্পালসরি প্রাইমারি এড়কেশনএর ব্যবস্থা আছে। ১৯১৯ এ্যাক্ট অনুসারে গভর্নমেন্ট যা সাহায্য করেন তা অত্যন্ত কম। বাকী ৮৩টি মিউনিসিপ্যাল এলাকায় সমগ্র পশ্চিম বাংলার ছানছানী সংখ্যার এক-চতুর্থাংশ থাকে, এবং সমস্ত শিক্ষকদের সংখ্যা এক-পঞ্চমাংশ থাকে, অথচ তাদের জন্য কোন প্রকার ব্যবস্থা নাই। পশ্চিম বাংলা সরকার এখন ত নয়ই, গত পাঁচ বছর ধরে এই সমস্ত সহর এলাকায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থার কোন দায়িত্ব গ্রহণ করতে নারাজ। তার অর্থ হচ্ছে, পশ্চিম বাংলার বিস্তীর্ণ অংশে একটা ডিস্কিমিনেশন প্র্যাকটিস চলেছে। অর্থাৎ কিনা ছেলেমেয়ে যারা রুরাল এলাকায় থাকে, তারা সেখানে ১৯৩০ সালের আইনে স্কুল বোর্ডের যে ব্যবস্থা আছে, সেই অনুযায়ী একটা শিক্ষার বন্দোবস্ত পায়। কিন্তু সে যদি সহর এলাকায় থাকে এবং দুর্ভাগ্যবশত তার বাপ-মার পয়সা না থাকে, তাহলে লেখাপড়া শেখার জন্য কোনকুমে যদি সে মিউনিসিপ্যাল স্কুলে চ্কুতে পারে তাহলে সে কিছুটা লেখাপড়া শেখে, আর তা যদি না পারে, তাহলে তারজন্য কোন ব্যবস্থাই আমাদের পশ্চিম বাংলা সরকারের শিক্ষা দশ্তর করেন নি এবং সে সন্বন্ধে কোন কিছু করতে তাঁরা নারাজ। প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সন্বন্ধে তাঁরা বলছেন

"It has made a steady progress in the year under review"

ইত্যাদি। এটা তাঁদের আত্মসম্পূতির কধা। বহুবার আমরা দ্বিতীর পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে বলৈছি, অর্থাৎ দ্বিতীর পঞ্চবার্ষিকী পরিকল্পনার বে সকল পরিকল্পনা আছে সেই অনুবারী আমাদের প্রাথমিক শিক্ষার জন্য যে খরচ তার ৫০ ভাগ কেন্দ্রীয় সরকার দিতে রাজী আছেন; আমি সেই অংশট্রকু শিক্ষামন্দ্রী মহাশরের গোচরীভূক্ত করবার জন্য পড়ে শোনাছি। শিক্ষা ব্যবস্থা সন্বন্ধে এই যে পার্থকা, এই যে বৈশম্য রাখা, এটা পরিকল্পনাকারী চান নি এবং এটা অত্যন্ত অন্যায়। এই প্রসঞ্জে আমি সামান্য একটা অংশ মাননীয় সদস্যদের নিকট তুলে ধর্মছি—

"the fact that teachers are now employed by various authorities,—State Governments, municipalities, district boards and private bodies—is an important element in the variations in salaries, standards, working conditions and prospects of teachers which exist within the same State. A suggestion has been made that all elementary school teachers in a State should be brought into the service of the State Government in appropriate grades. When the services of teachers are placed at the disposal of local or other bodies according to the cadres to which they belong, their terms of appointment can be maintained. This will enable State Governments to extend to teachers adequate benefits of security, pension, provident fund contributions, promotion, the opportunities to qualify for higher grades and the other appropriate amenities....."

অর্থাৎ কিনা, তাঁরা, পরিকল্পনার দোহাই দিতে পারেন, কিল্তু তা সত্ত্বেও গত পাঁচ বছরের মধ্যে এই প্রাথমিক শিক্ষার আইনকে সংস্কার করে একটা স্ক্রুংবন্দ্ধ আইন প্রণয়ন করা উচিত ছিল, অর্থাৎ ৬ থেকে ১১ বছরের পরিবর্তে ১৪ বছর পর্যন্ত এই প্রাথমিক শিক্ষা ব্যবস্থার জন্য চেটা করা—কিল্তু তা আমাদের রাজ্যসরকার গত পাঁচ বছরের মধ্যে করেন নি. এবং বর্তমানেও তা করতে নারাজ। সেই নীতি, নির্দেশের কোন স্কুচনা এই রাজ্যপাল মহোদয়ার ভাষণে নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এ সম্পর্কে আমি আবেদন জানাবো সহর অঞ্চলে প্রাথমিক শিক্ষা সম্বন্ধে অবিলম্বে একটা স্কুম্বন্ধ আইন প্রণ্রন কর্বন এবং গ্রামাণ্ডলে শিক্ষক ও শিক্ষার পূর্ণ দায়িত্ব গ্রহণ করবার জন্য অবিলম্বে সচেন্ট হওয়া আমাদের রাজ্যসরকারের জর্বী কর্তব্য বলে আমি মনে করি। তারপর অধ্যক্ষ মহোদয়, আমি আর একটা সংশোধনী দিয়েছি, সেটা হচ্ছে,

"Failure of the State Government to impress upon the Central Government about the desirability of locating the oil refinery in West Bengal".

এ সম্বন্ধে একটা ব্যাপার আমার মনে হয় সদস্যরা লক্ষ করেছেন, যে সময় আমরা দেখছি যে এক্সপার্ট কমিটি, আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে সমুপারিশ করেছেন এই রিফাইনারী কলকাতার হবার জন্য, সেই সময় আমাদের লোকজন, তাঁরা আন্দোলন করছেন এই স্পারিশের বিশ্বশ্বে; কলকাতায় এটা স্থাপিত হতে দেবো না বলে। কিন্তু দুঃখের বিষয়, সেই সময় আমাদের রাজ্যসরকারের পক্ষ থেকে তার কোন চেন্টা হয় নি। এই যে তেলের রিফাইনারী ব্যাপারে আমাদের রাজাসরকার অত্যন্ত দৃঃখজনক শৈথিল্যের পরিচর দিয়েছেন। যেমন জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার যে অফিস. সেটা এখান থেকে তুলে নেবার চেষ্টা হচ্ছে, রেলওয়ের অফিস তুলে নেওয়া হয়ে গিয়েছে, এবং ইনসিউর্যান্স কর্পোরেশনএর হেড অফিস কলকাতায় না হয়ে বোম্বাইরে হচ্ছে। তার ফলে আমাদের মধ্যবিত্ত, যারা কর্মপ্রাথি আছে, তাদের চাকরির এলাকা অত্যন্ত সংকৃচিত হয়ে যাচ্ছে। সে সম্পর্কে আমাদের রাজ্যসরকার একেবারে নীরব এবং অত্যন্ত শিথিল মনোভাবের পরিচয় দিয়েছেন। যেখানে আমাদের বেকার সমস্যা অত্যন্ত বেশী, সেখানে আমাদের রাজ্যসরকারের আর**ও বেশী তংশর হও**য়া উচিত **ছিল। এই** অরেল রিফাইনারীর ব্যাপারে এখনও অবকাশ আছে, এখনও পশ্চিম বাংলার সমস্ত জনসাধারণ একে সমর্থন করছে যাতে এই অয়েল রিফাইনারী পশ্চিমবশ্যে স্থাপিত হয়, তার জন্য চেন্টা করা। আমি আশা করি এই হাউসের সকলে সেটা অকুণ্ঠভাবে সমর্থন করবেন। এটা আমাদের সরকারের গ্রহণ করা फेठिक वरम आभि भरन कति। अकरे, मराज्ये शरमरे अरो शरक भारत: अवर जात्रसना मर्शममध्ये মন্ত্রীমহালয়ের অনুপশ্বিতে আমি ডাঃ রারের কাছে আবেদন জানাচ্ছ।

তারপর আমার আরও সংশোধনী ররেছে।

"Failure of the State Government to tackle the unemployment problem is West Bengal".

স্যার, এ সম্বন্ধে অনেকবার বলা হয়েছে কিন্তু অবন্থা এখনও অপরিবর্তিত রয়েছে; এবং সে সন্পর্কে আমরা বারবার বলাছি; আবার বলাছি আমাদের রাজ্যের মধ্যে যেসমন্ত কারখান আছে, বার্ণপ্রের, আসানসোলে যেসমন্ত য়্যাপ্রেনটিস নেওয়া হছে, তার বেশার ভাগই হছে অবাঙ্গালা এই শিল্প বিভাগে কোন সরকারী নির্দেশ না থাকার জন্য। আমরা দেখেছি টাটার কারখানায় আগে বিহারী কর্মচারী নিয়োগের চেণ্টা করে থাকেন। কিন্তু আমাদের এখানে বহু বেকার বাঙ্গালা ছাত্র রয়েছে, সে সন্বন্ধে আমাদের সরকারের কোন চেণ্টা নাই। সরকারের কোন নির্দিণ্ট নীতি নেই এখানকার টেকনিক্যাল হ্যান্ডসদের জন্য। এই প্রদেশের টেকনিক্যাল হ্যান্ডস, যারা কারিগরী শিক্ষাপ্রান্ত, বা টেকনিক্যাল হ্যান্ডস্বারে, তারা কর্মপ্রাথেশী হয়েও কান্ধ পাছে না, আর সেখানে অন্য প্রদেশের লোকেরা কান্ধ পাছে। এখানকার লোকেরা কান্ধ পানে। কিন্তু আমাদের এখানে রাজ্যসরকারের পক্ষ থেকে এই ধরণের একটা নির্দেশ বা সার্কুলার না থাকায়, দেশে বেকার সমস্যা বেড়ে যাবে; এবং এটা অত্যন্ত ক্ষতিকর বলে মনে করি।

[11-11-10 a.m.]

এ সম্বন্ধে আমাদের সংশ্লিক্ট মন্ত্রীমহাশয়ের কিছুদিন আগে ডিরেক্টর অফ ইন্ডাস্ট্রিয়াল স্ট্যাটিস্টিকসএর যে পরিসংখ্যান প্রকাশিত হয়েছে তার প্রতি দুষ্টি আকর্ষণ করতে চাই। তিনি বলেছেন পশ্চিমবঙ্গে যেসমঙ্গত লোক কাজ করে এই সাডে ছয় লক্ষ্ম লোকের মধ্যে সাডে চার লক্ষ্মই বাংলাদেশের বাইরের লোক। এবং এই যেসমুস্ত বিভিন্ন কলকারখানায় লোক নিয়োগ নীতি যা প্রবর্তিত রয়েছে যেমন আমাদের বজবজ এলাকায়, হাওড়া এলেকায় নৈহাটিতে জুট মিলে, কাপড়ের কলে ইত্যাদিতে এমস্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত রিক্রট করবার কোন ব্যবস্থা নাই। হিন্দুস্থানী সদাররা বিহার, ছোটনাগপরে, উত্তর প্রদেশ প্রভৃতি থেকে তাদের গ্রামের লোক নিয়ে আসে। এই সম্বন্ধে আমার বন্তব্য হচ্ছে এই নিয়োগ সম্বন্ধে একটা নীতি থাকা উচিত। যাদের কাজ আছে তাদের কাজ ছাড়াতে বলছি না কিন্তু পশ্চিমবঙ্গে বেকার সমস্যা যেরূপ তীব্রতর তাতে একটিমাত্রও কাজ যদি খালি হয় তা যাতে বাংলাদেশের লোক আগে পান এ সম্পর্কে একটা সমুস্পত্ট নির্দেশ থাকা উচিত। এবং সে সন্বন্ধে তাদের অর্বাহত হওয়া উচিত। আমি মনে করি এভাবে বেকার সমস্যার অর্ধেক সমাধান হয়ে যেতে পারে। কিন্তু রাজ্যপাল মহোদয়ার ভাষণে এর কোন উল্লেখ নাই। সমস্ত ভাষণের মধ্য থেকে একটা অশ্ভূত আত্মসম্তুণ্টির মনোভাব ফুটে উঠছে এবং সে সম্বন্ধে ইতিমধ্যেই কতকগুলি মুক্তব্য করেছি। তার প্রতি দুট্টি আকর্ষণ করে এই কথাই বলতে চাই এরকমভাবে চললে, রাজ্যপাল মহোদয়ার ভাষণে যা দেখছি এই র্যাদ তার সরকারের ভবিষ্যৎ কর্মনীতি নিদিশ্টি হয় তাহলে আমাদের অত্যন্ত হতাশ হতে হবে। তারপর মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে রাজ্যের শিক্ষা সংস্কার ব্যাপারে আমাদের মাননীয় বন্ধ যা বলেছেন সে সন্বন্ধে একটি বিষয়ের প্রতি বিশেষ করে দুল্টি আকর্ষণ করতে চাই, সেটি হচ্ছে একাদশ শ্রেণীর স্কুল, মালটিপারপাস স্কুল—সে সম্বন্ধে স্তাপ্রিয়বাব, বলেছেন। গতকাল বীরভূমে গিয়েছিলাম, সেখানে একটি খবর, কতকগালি খবরই সংগ্রহ করলাম তার মধ্যে একটি হচ্ছে এই যে মালটিপারপাস স্কুলের স্যাঞ্চ্সান কিভাবে দেওয়া হয়েছে। যখন ডাঃ দত্ত ডি ,পি, আই, তিনি বলেছিলেন যে কতকগ্নলি জিনিস বিবেচনা করে এই স্কুলের মঞ্জুরী দেওয়া হয় যেমন সেখানে কতগুলি ফিডার স্কুল, সেখানে সতিয়সতিয় অনেক ছাত্রছাত্রী পড়ে কিনা এরকমভাবে অনেকগ্রলি কন্ডিসন দেখা হয়। পাজরাঘাটে ষেখানে খণেন বন্দ্যোপাধ্যায় ইলেকটেড হয়েছেন সেখানে একটা স্কুল দ্বছর আগে হয়েছে, সেই স্কুলের মাত্র ২৩টি ছাত্র পড়ে ফার্স্ট क्राम्य-- जारक मानि जिनात्र शाम क्रून कता रास्ट । यत्रकम भूर, यक्ति साम्रात्र कथा नम्र यत्रकम বহা জারগায় হয়েছে। কোনও একজন ব্যক্তিবিশেষকে সম্ভূষ্ট করবার জন্য এরকমভাবে স্কুল र्थामा रातरह अथि हात स्त्रक्य नारे। अथि स्थारन श्राह्म स्थारन राह्म ना-अत्कारत्र টাকা এভাবে তছনছ হচ্ছে। যেটুকু হচ্ছে তাতে কোন নীতির বালাই নাই কোন ব্যক্তিবিশেষ

যেমন কোন এম, এল, এ, বা অন্য কেউ সম্ভূষ্ট হবেন এইভাবেই স্কুল যেন করা হচ্ছে। আমার মনে হয় এগালি তদম্ত হওয়া উচিত এবং ভবিষ্যতে যাতে এরকম না ঘটে তার প্রতি নজর রাখা উচিত বলে মনে করি।

আর একটি বিষয় উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে সরকারী স্পনসর্ড কলেজ—এতে নির্দেশ দেওয়া হয়েছে যে অধ্যাপক কোন রাজনীতিতে অংশ গ্রহণ করতে পারবেন না, ইলেকসনএ অংশ গ্রহণ করতে পারবেন না। আমরা আশ্চর্য হয়ে গেলাম যে সরকারী সাহায্যপ্রাপত কলেজে অধ্যাপকদের বেতনের যে হার সেটা গভর্নমেন্ট চাকুরির মত নয়, তারা গভর্নমেন্ট চাকুরি করছে না তাদের পেনসন নাই তাদের জন্য কোন প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি কোন নীতি নাই, অথচ তাদের উপর এরকম নির্দেশ জারী করা হয়েছে তিনি কোন রাজনীতিক দলের সদস্য হতে পারবেন না। এ যদি হয় তবে মারাত্মক কথা। আমি চাই মফঃন্বল কলেজ সম্পক্তে সরকার স্কুপণ্ট নির্দেশ দেবেন।

তাঁরা স্ট্যাট্ট্টারী বিভির অধীনে কাজ করছেন, তাঁরা সরকারী কর্মচারী নন। আমি দিনকতক আগে দেখলাম যে প্রার্থামক শিক্ষকদের সম্বন্ধে, স্পেশাল কেডার শিক্ষকদের সম্বন্ধে ঐরকম নির্দেশ দেওরা হয়েছে। নিয়োগের সময় ত কংগ্রেস সেক্রেটারীর বা প্রেসিডেন্টের স্মুপারিশ না হলে তাঁদের নিয়োগ হয় না। আমি হাওড়া জেলার অনেক দ্ভান্ত দিতে পারি। শুধ্ব তাই নয় তাঁদের জাের করে যেসমস্ত কংগ্রেসপ্রার্থী দাঁড়িয়েছেন তাঁদের হয়ে কাজ করতে বলা হয়। আমি ফলাঘাটায় গিয়েছিলাম জলপাইগর্নড়তে। সেথানে রবীন সিকদার মহাশয়, এয়, এল, এ। তিনি স্কুল বােডের প্রেসিডেন্ট—এবারে অবশ্য তিনি পরাজিত হয়েছেন—তিনি কতকগর্নল লােককে সাসপেন্ড করেছিলেন। এইরকম বহু দ্ভান্ত আমার সামনে এসেছে; এইসব ব্যাপার্রু ঘটেছে। প্রার্থামক শিক্ষক যাঁরা কাজ করেন অথবা স্পোনসার্ড কলেজের যাঁরা শিক্ষক, তাঁদের স্টাটাস কি, তাঁরা সরকারী চাকুরে কিনা এগর্নল স্পন্টর্নপে ঘাষণা করার জন্য আমি মাননীয় শিক্ষমন্ত্রী মহোদয়কে অনুরোধ জানাবাে।

মাননীর অধ্যক্ষ মহাশর, এ ছাড়া আমার যেটা সাধারণ বস্তব্য সেটা হচ্ছে এই যে, কিছ্কুল আগে খাদাদ্রব্যের দর বৃদ্ধির কথা আমি পরিসংখ্যান দিয়ে প্রমাণ করেছি। এদিকে তাঁদের নীতি একট্ব পরিবর্তন করা দরকার। এখন গ্রামাণ্ডলে বল্বন আর সহরাণ্ডলে বল্বন প্রত্যেক জারগার খাদ্যশস্যের দর এবং সাধারণ জিনিসের দর বৃদ্ধির দিকে সরকারের সজাগ দৃষ্টি থাকা উচিত, এবিধরে একটা কার্যকরী পন্থা অবলম্বন করার বিশেষ প্রয়োজন আছে। রাজ্যপাল মহোদয়ার ভাষণের শেষের দিকে আছে—

"I am sure that all of you, whether you are inside or outside the Legislature, will toil ceaselessly for a goal that is dear to all of us—the creation of a resurgent India in which poverty, pestilence and ignorance will be dim memories".....

কিন্তু এই পাঁচ বছরে সরকারের যে নীতির মধ্যে এগ্রেল নির্যান্তত হচ্ছে তাতে কিন্তু এগ্রেল এগ্রেছে বলে আমরা ব্রুতে পারি না। কাজেই এই সমস্ত আবেদন জানিয়ে আমার বস্তৃতা পেশ করলাম।

- Mr. Chairman: Mr. Monoranjan Sen Gupta may now please speak.
- Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, do we understand that our criticisms have all been admitted by the other side? They are not speaking on the amendments that have been moved.

[Interruption.]

Do we understand that they stand absolutely condemned? If that is so——
[Interruption.]

Mr. Chairman: Let Mr. Monoranjan Sen Gupta speak.

Sj. Monoranjan Sen Gupta:

[11-10-11-20 a.m.]

তারপরে গ্রেনির্মাণের যে পরিকল্পনা করা হয়েছে সেটা বাস্তব ক্ষেত্রে কাজে পরিণত করা যাবে কিনা সেইটা হচ্ছে প্রশ্ন। আজ তিন কি চার মাস হল বন্যা হয়ে গেছে, গভীর সন্দেহ সকলের মনেই রয়ে গেছে যে সরকার যে ব্যবস্থা করেছেন ইট নির্মাণ করার ব্যাপারে সরকার গ্রামের লোকদের কয়লা দেবেন, এবং অন্যান্য সাহায্য দেবেন সেটা আমাদের মনে হয় কার্যে পরিণত করা যাবে না। কেননা অনেক জায়গায় এরকম রয়েছে যেখানে ইট নির্মাণের পক্ষে উপযুক্ত মাটি নেই। শুধু এণ্টেল মাটিতে ইট হয় না। কিছু বেলে মাটিরও দরকার। আমার रयशास्त वाम, राष्ट्रो आमात सम रमशास्त भवरे अध्येल मापि, वालि स्माएटेरे नारे। स्मार्थस्त यीम मार कराला एनन, किन्छू प्राप्त प्राप्त यीन छेशयाङ श्रीत्रमांग वालि ना शारीन जाराल के कराला ম্বারা ইট তৈরির কাজ হবে না। তা ছাড়া কাঠের জিনিস ঘর তৈরি করতে দরকার। কাঠের সাজসরং মে তৈরির জন্য যে মিস্তি সে মিস্তিও সর্বত্ত পাওয়া যায় না। কাজেই, এই যে পরিকল্পনা, --অর্থাৎ পল্লীগ্রামকে শহর বানিয়ে দেবার যে ব্যবস্থা মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন তাহা বাস্তবিকই তিনি োনদিন কাজে পরিণত করতে পারবেন কিনা সে বিষয়ে গভীর সন্দেহ আছে তার চেয়ে যদি ইট কম দামে দেবার ব্যবস্থা করতে পারতেন এবং গৃহনির্মাণের আর সব জিনিসও সেইভাবে বিতরণের বন্দোবস্ত করতে পারতেন—অল্প খরচায় ্যাতে করে লোকে ঘর বাড়ি তৈরী করে উঠতে পারে তার ব্যবস্থা করতে পারতেন—তাহলে 🖫নেকটা কাজ এগিয়ে যেত। উনি যে পরিকল্পনা করেছেন সেটা মনে হয় একটা ফ্যানটাসটিক স্ক্রিম।

তারপরে আমার ন্বিতীয় কথা হচ্ছে হাসপাতাল সদ্বন্ধে। হাসপাতালের কথাও কিছু বলা হয়েছে রাজ্যপালের ভাষণে। আমার কয়েকটি সরকারী হাসপাতালে যওয়ার আবশ্যকতা সন্প্রতি হয়েছিল। সেখানে দেখলাম যে পরিমাণ রোগীর সংখ্যা হয়েছে তার তুলনায় নার্স ও ভাল্কার যথেষ্ট কম। এক একজন নার্স ও ভাল্কারকে ৪০-৫০ জন এমনকি ততােধিক রোগী তত্ত্বাবধান করতে হয়। তাতে যথায়থ চিকিৎসা ও শৃঞ্জার বাবস্থা সন্ভবপর নয়। কারণ অতি অন্প সময়ের মধ্যে রোগীর পরীক্ষা বাবস্থা শেষ করতে হয়। ইংলন্ডের একজন বিখ্যাত ভাল্কারের কথা এখানে বলতে পারি তিনি বলেছিলেন পেসেন্ট ইজ মাই গড—রোগী আমার দেবতা। এই হচ্ছে প্রকৃত যিনি ভাল্কার, তাঁর স্পিরিট। আমাদের দেশীয় হাসপাতালের একজন ভাল্কার আমায় বলেছেন অন্প সময়ের মধ্যে এত অধিক সংখ্যক রোগী দেখতে হয় যে, সেক্ষেত্রে প্রত্যেকরোগীকে ভালভাবে দেখে ওঠা সন্ভব হয় না। তারপরে আউটভার সন্বন্ধেও আমার অভিজ্ঞতা আছে। শৃখ্ব আমার কেন এখানকার আরো অনেকের আছে। সেখানেও যেসমুল্ড রোগী বায় সেই সমুল্ড রোগীকৈ অতি অন্প সময়ের মধ্যে দেখা শেষ হয়ে থাকে। তাতে না হয় রোগার ভালরকম পরীক্ষা, না হয় ভালরকম রোগ নির্ণয়। স্তুরাং চিকিৎসাও ভাল হয় না। যেখানে

নাকি জীবনমরণ সমস্যা সেখানে এইভাবে লোকের জীবন নিয়ে খেলা করা অত্যুক্ত মর্মান্তিক
•ও আপণ্ডিকর। বাতে এই অবস্থার শীঘ্র উর্মাত হয় সে বিষয়ে আমি মুখামন্দ্রী মহাশরের দ্বিত আকর্ষণ করছি। তিনি নিজে একজন বিখ্যাত চিকিংসক—এ বিষয়ে তাঁর কাছ খেকে ভাল ব্যবস্থা আমরা সকলেই আশা করি। ইংলন্ডের হাসপাতার্জীন্লিতে ভান্তার ও নার্সের সংখ্যা এত বেশী যে তাদের খ্ব কম সংখ্যকু রোগীকে দেখতে হয় এবং তার ফলে তাঁরা কার্যও বেশ স্বাচ্চ্যাবে সম্পাদন করতে পারেন; এখানেই বা তা সম্ভব হবে না কেন?

আর একটা কথা এই সম্পর্কে বলতে চাই. আমাদের দেশে ছাত্রগণের স্বাস্থ্য অত্যন্ত খারাপ। কলকাতা ইউনিভার্সিটি থেকে স্টুডেন্ট্স ওয়েলফেয়ার কমিটি স্বারা যে তথ্য প্রকাশিত হয়েছে তা থেকে আমরা জানতে পারি যে, শতকরা ৬৬ জন ছাত্তের কোন-না-কোন প্রকারের রোগ আছে। তার ফলে জাতির অবনতি ঘটছে। দেশের যারা ভবিষ্যৎ আশাভরসা সেই ছাত্রদল, যুবকদলই র্যাদ রুপন হয়, ব্যাধিগ্রন্ত হয় তাহলে সমগ্র জাতিরই ভবিষ্যাৎ খারাপ ধরতে হবে। অন্তত ছারদের স্বাস্থ্য রক্ষার জন্য একটা বিশেষ ব্যবস্থা করা প্রয়োজন। ইংলন্ড প্রভৃতি সভ্য দেশে ছাত্রদের জন্য স্পেশাল মেডিকেল সার্ভিস আছে। আমাদের দেশের সরকার সেরকম পরিকল্পনা করেছেন বলে জানি না। আমাদের দেশের ছাত্রেরা অবহেলিত। তাদের পর্নিটকর খাদ্যের একান্ত অভাব। সেইজন্য আমি বলতে চাই কেন্দ্রীয় পরীক্ষায় যে আজ বংগালী ছাত্র হটে আসছে তার প্রধান কারণ পর্নিটকর খাদ্যের অভাব। একেই ত তারা উপযুক্ত পরিমাণ খাদ্য পায় না, যেট্কুও বা পায় তারও অধিকাংশই ভেজাল মিগ্রিত। কাজেই তাদের জন্য বিশেষ চিকিৎসার ব্যবস্থা থাকা দরকার। ছাত্রেরাই আমাদের জাতির ভবিষ্যৎ আশা ভরসার স্থল তাদের স্বাস্থ্যই যদি নন্ট হয়ে যায় তাহলে লেখাপড়া শিখেই বা কি হবে এবং দেশের অর্থনৈতিক অবস্থারই বা কি করে উন্নতি হতে পারবে? সেইজন্য বিষয়টা আপনাদের ভালভাবে চিন্তা করতে বলে। আমরা প্রায় সকলেই সন্তানের পিতা বা অভিভাবক। এই বিষয়ের গ্রেম্ব সকলেই আমরা দলনিরপেক্ষ হয়ে অনুভব করতে পারি, এর মধ্যে কোন দলীয় প্রশ্ন নাই। সেইজন্য পরিষদের সকল সভ্যের দূষ্টি আমি এ বিষয়টার প্রতি আকর্ষণ করছি। আমাদের রাজ্যপালের ভাষণে এ সম্বন্ধে কোন কথা বা কোন পরিকল্পনার উল্লেখ নাই। এই যে সমস্যা এটা আমাদের সকলের পক্ষেই একটা গ্রের্তর সমস্যা। যার স্বর্ণ্ড্র সমাধানে নাকি জাতির কল্যাণ নিহিত রয়েছে, এই বিষয়ে আমাদের সকলেরই অবহিত হওয়া উচিত। ইংলন্ডে ছাত্রদের জন্য ফ্রি মিলএর ব্যবস্থা আছে সেখানে ক্যান্টিনএ ধনী দরিদ্র নির্বিশেষে ছাত্রেরা ফ্রি মিল ও টিফিন পায়। প্রত্যেকেই সেখানে বিনা মূল্যে প্রন্থিকর খাদ্য পেয়ে থাকে। আমাদের দেশে এমনি ব্যবস্থা যে ফ্রি টিফিনএর কোনরূপ পরিকল্পনা আমরা আজও করতে পারি নি। এ বিষয়ে যে ব্যবস্থা আছে তাহা হাস্যকর। তা ন্বারা ছাত্রদের স্বাস্থোর উন্নতিও হতে পারে না এবং ভালভাবে লেখাপড়া শিখে স্থনাগরিকও হতে পারে না। বিষয়টা এত গ্রেতর যে ইহার প্রতি সকলেরই দ্বিট দেওয়া উচিত এবং রাজ্যপালের ভাষণেও এ সম্বন্ধে কিছু উল্লেখ থাকা উচিত ছিল বলৈ আমি মনে করি।

তারপরে, শিক্ষার স্টোড প্রগ্রেস সম্বন্ধে রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে। স্টোড প্রগ্রেস বলতে তিনি কি মনে করেন জানি না। শিক্ষকতা কার্যে আমার দীর্ঘকালের অভিজ্ঞতা রয়েছে, সেই হিসাবে আমি বলতে পারি যে. বর্তমান যে শিক্ষাপদ্ধতি আমাদের দেশে প্রচলিত আছে তার সংস্কারের প্রয়োজন আছে কিন্তু সঙ্গে সঙ্গে একথাও নলতে চাই যে শিক্ষক মহাশায়রা যাতে শিক্ষাকার্য' স্কুভাবে সম্পন্ন করতে পারেন তারও ব্যুস্থার প্রয়োজন আছে। আজকাল ৫০-৬০-৭০ জন ছাত্র নিয়ে একটা সেকসন বা ক্লাস হয়, এক একটি শিক্ষককে এই ৫০-৬০-৭০ জন ছাত্র নিয়ে একটা সেকসন বা ক্লাস হয়, এক একটি শিক্ষককে এই ৫০-৬০-৭০ জন ছাত্রকে শিক্ষা দিতে হয়। একজন শিক্ষককে বিদ্যালয়ের এক সঙ্গে যদি এত ছেলেকে শিক্ষা দিতে হয় তাহলে শিক্ষাকার্য স্কুভুভাবে সম্পন্ন হতে পারে না। শিক্ষক পি. এইচ, ডি, বা ডি, লিট হলেও ছাত্রেরা যে দলে দলে অকৃতকার্য হয়ে বিদ্যালয় থেকে ফিরে এবং ম্যাট্রিকুলেশন পরীক্ষায় যে ফিফটি পারসেন্ট ছেলে ফেল করে তার কারণও খ'নুজতে হবে এইখানে। এই যে এক ক্লাসে ৫০-৬০ জন ছাত্র একটি শিক্ষকের অধীনে লেখাপাড়া শিখবে—এই ব্যবস্থার যতদিন পরিবর্তন না হয় ততদিন পর্যন্ত শিক্ষার কোনপ্রকার উন্নতি-সাধন হতে পারের না—এই কথা আমি মুখ্যমন্ট্রী মহাশয়কে বেশ জ্লেরের সঙ্গেই বলতে পারি।

শ্বিতীয়তঃ শিক্ষকদের বা বেতনের ব্যবস্থা আছে তা আমরা সকলেই জানি। আমার প্রবিতী বক্তা সত্যপ্রিয়বাব, তা বলে গেছেন, প্রধানমন্দ্রী শ্রীজওহরলাল নেহর, মহাশয় বলেছেন
—তাঁরা চাপরাশীদের অপেক্ষাও কম বেতন পেয়ে থাকেন। যাঁরা নাকি জাতিকে গঠন করবেন তাঁদের বদি এই অবস্থা হয় তাহলে জাতিগঠন কি কথনও সম্ভবপর হবে? শিক্ষকেরা যদি নির্দেবগে নিশ্চিম্ত মনে শিক্ষাকার্যে আছানিয়াগ করতে না পারেন তাহলে কি করে আমাদের দেশের ছাত্রদের তথা ভবিষাৎ নাগরিকদের প্রকৃতী শিক্ষালাভ সম্ভব হবে? আর এই শিক্ষা এমন একটা প্রয়োজনীয় জিনিস যার সঙ্গে আমরা সকলেই কম বেশী সংশিল্ট। এডুকেশ্ন ইজ এবাভ অল পার্টি পলিটিয়।

[11-20—11-30 a.m.]

আমরা আশা করেছিলাম রাজ্যপাল মহোদয়ার ভাষণের মধ্যে এই বিষয়টার উল্লেখ থাকবে।

শিক্ষকদের বেতন বৃদ্ধি সম্বন্ধে সত্যপ্রিয়বাব্ প্রেই বলেছেন যে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জ্ঞাপান যাবার প্রে বলে গিয়েছিলেন য়ে তিনি ফিরে এসে এই বিষয়ে একটা ব্যবস্থা করবেন কিন্তু দ্বুংথের বিষয় এই চার মাস হয়ে গেল এ সম্বন্ধে কোন উচ্চবাচ্য নেই। এ সম্বন্ধে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এখানে শিক্ষকদের বেতন অতান্ত কম। সেকেন্ডারি এড়কেশনএ বি, টি, পাস করা শিক্ষকদের বেতন ১০০—১৫০ টাকা গ্রেড এবং এম, এ, বি, টির ১২৫—১৫০ টাকা গ্রেড—এটা অতান্ত হাস্যাস্পদ। এই গ্রেড যাতে অন্যান ২৫০ টাকা হতে পারে সেব্যবস্থা করা দরকার যার ফলে শিক্ষকরা কোনরকমভাবে তাদের জাবিকা অর্জনের জন্য অন্য কোনর্প পন্থা অবলম্বন না করে শিক্ষা কার্যে সম্পূর্ণ মনোযোগ দিতে পারেন এবং ছার্রদের মানুষ করে গড়ে তুলতে পারেন, চরিব্রন এবং শক্তিমান করে গড়ে তুলতে পারেন এ বিষয়ে সকলেরই অবহিত হওয়া দরকার। আশাকরি শিক্ষামন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় এ বিষয় যথায়থ যথোচিত ব্যবস্থা করবেন।

তারপর আজ যে ইলেভেন ইয়ারস কোর্স করা হচ্ছে এ বিষয়ে সত্যপ্রিয়বাব্ বিশেষভাবে উল্লেখ করেছেন। ইহা খুবই সত্য যে এই সমস্ত কথা বলবার জন্য বিশেষ কোন যুক্তির অবতারণার আবশ্যকতা করে না। এটা অত্যন্ত প্লেন ফ্যাক্ট—যে ইলেভেন ইায়ারস কোর্স এর এবং প্রি ইয়ার্স বি. এ. কোর্সএর ব্যবস্থা হচ্ছে তার স্বারা শিক্ষার মানের উন্নতি কোন মতে হতে পারে না। মোটের উপর নতেন ব্যবস্থায় শিক্ষাকাল চার বৎসরই থেকে যাচ্ছে। আমাদের দৈশের ছারদের স্বাস্থা থারাপ, শিক্ষা বাবস্থা খারাপ, শিক্ষাবিষয়ক যন্ত্রপাতির অভাব- এই সমস্ত অবস্থার প্রতিকার না করে শিক্ষাকাল ১ বংসর না বাড়িয়ে শিক্ষার মান কিভাবে উন্নত হবে, বুঝতে পারি না। প্রথিবীর সব জায়গার টুয়েলভ ইয়ার্স কোর্স প্রচলিত। আর এখানে এক বংসর শিক্ষাকাল কমিয়ে দিয়ে শিক্ষার মান বাড়ান হবে এটা যে একটা হাস্যকর ব্যাপার সে বিষয়ে সন্দেহ নেই। এতে শিক্ষার মানের উল্লতি হবে না এবং অবর্নতি হবে। কেন না, শিক্ষা যে অনুমত অবন্থায় রয়েছে—নানা রকম অসুবিধার মধ্যে দিয়ে ছাত্রদের লেখাপড়া হচ্ছে : ছাত্রদের স্বাস্থ্য খারাপ হচ্ছে। রিফিউজি প্রব্লেমএর জন্য আমরা জানি যে, এক একটা ঘরে ৫ থেকে ৮ জন করে লোক বাস করে। সেইসব ঘরে থেকে ছাত্রদের স্কুর্ট্টভাবে শিক্ষা হতে পারে না। প্রথিবীর সব জারগার যখন টুরেলভ ইয়ার্স কোর্স রয়েছে তা থেকে এক বংসর কমিয়ে দিয়ে আমাদের দেশে নানা প্রতিক্ল অবস্থার মধ্যে শিক্ষার স্বষ্ঠা ব্যবস্থা হতে পারে ইহা কি পাগলের প্রলাপ বলে মনে হয় না? এই বিষয়ে আপনাদের মনোযোগ বিশেষভাবে আকর্ষণ করছি। আমাদের শিক্ষা যে অবস্থায় এসেছে সেটা একটা জাতীয় বিপদ বলে যেন আমরা মনে করি। ছান্রদের ভাল **শিক্ষা দেও**য়া আবশ্যক এবং তারজন্য একটা স**্বর্ড**্ক পরিকল্পনা থাকা দরকার এবং এই ব্যাপার নিয়ে আমরা ১৯২২ সাল থেকে শিক্ষক আন্দোলন করে এসেছি। কিন্তু আজ দেখছি সে শিক্ষা ব্যাপারে যে নতুন পরিকল্পনা গ্হীত হতে চলেছে এর ফলে শিক্ষার মান কমেই আসবে। এই নিয়ে এক্সপেরিমেন্ট হচ্ছে। সব এটি সংশোধন করে ইহা সার্থক করে তুলতে গেলে আরো কমপকে ২৫-৩০ বংসর সময় লাগবে। স্তরাং এই পরিকল্পনাকে যেন একটা জাতীয় বিপদ বলে আমরা মনে করি।

তারপর ইলেভেন ইয়ার্স কোর্স প্রবর্তন সন্বন্ধে সকলের সপো পরামর্শ করা সরকারের পক্ষে টাচিত ছিল এবং সেটাই হচ্ছে ডেমক্র্যাটিক গভর্নমেন্টএর কর্তব্য। আমি মুখ্যমন্দ্রী মহাশমকে ব্যক্তিগতভাবে কিছু বলছি না। তবে দ্বংথের বিষয় তিনি নিজে যেটা ভাল মনে করেন সেটাই করেন তাহা জনমত বিরোধী হলেও—ইহা গণতন্দ্রসন্মত নহে। এবং ব্যাপারটা চাল্ক করা সন্বন্ধে কারো সপো পরামর্শ করা হয় নি। সেন্টাল গভর্নমেন্ট থেকে এটা চাপিয়ে দেওয়া হয়েছে। শিক্ষা সম্পর্কে যাদের অভিজ্ঞতা আছে তাঁদের সঙ্গে পরামর্শ না করে এমন একটা ব্যবস্থা নেওয়া হছে যার ফলে জাতির কোন উর্মাত হতে পারবে না। ছারুদেরও কোন উর্মাত হবে না। কেবল সেন্টাল গভর্নমেন্ট গ্রান্ট দেবেন এইজন্য এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আমরা ইহার প্রতিবাদ করি এবং মনে করি যে এইর্ল ব্যবস্থা গ্রহণ অপরাধজনক। এই যে ইলেভেন ইয়ার্স কোর্স, যাহা ট্রেলভ ইয়ার্স কোর্স থেকে এক বংসর কমিয়ে দিয়ে নেওয়া হয়েছে যাতে এই ব্যবস্থা স্ক্র্ভাবে কাজে পরিক্রত করা যেতে পারে সে সন্বন্ধে কংগ্রেস পক্ষ ও বিরোধী পক্ষ সকলেরই বিবেচনা করার অনেক কিছু জিনিস আছে কারণ ব্যাপারটা সর্বসাধারণের। স্ক্রাং এই বিষয়ে সকলেরই ওদাসীন্য ত্যাগ করে বিশেষ মনোযোগাী হতে হবে এবং আশা করি শিক্ষামন্দ্রী মহাশয়ও সকলের মতামত গ্রহণ করে এই ব্যবস্থার চ্যুতি বিচারপ্র্বক পারহার করে যাতে ইহা সাথকি হয় তন্দ্বিষয়ে সচেন্ট হবেন।

তারপর শিক্ষাক্ষেত্রে দেখতে পাচ্ছি যে একটা স্বেচ্ছাচারিতা চলেছে। যেভাবে মাধ্যমিক শিক্ষা বোর্ডাকে ভেঙ্গে দেওয়া হয়েছে তাতে আমার মনে হয় যেকোন সত্যিকারের ডেমক্র্যাটিক গভর্নমেন্ট এ কাজ করতে পারে না। যে বোর্ড অনেক চিন্তার ফলে, প্রায় ১৫-২০ বংসর প্রচেষ্টার ফলে হয়েছিল তাকে আমি বলবো যে একরকম চক্রান্ত করেই ভেঙ্গে দেওয়া হয়েছে। এবং তার পরিবর্তে আজ পর্যন্ত তার প্রনগঠিনের কোন ব্যবস্থা হয় নাই। তাই আজ মাধ্যমিক শিক্ষা বোর্ড যাতে প্রনগঠিত হয়, সুষ্ঠাভাবে গঠিত হয় এবং সেখানে জনমত প্রতিফলিত হয় সে বিষয় আমাদের বিশেষ ভেবে দেখা দরকার হয়ে পড়েছে। ভতপূর্ব শিক্ষাম**ন্**ত্রী যেভাবে নিয**়ন্ত** হয়েছিলেন তাহা আপনারা স্মরণ রাখন। শিক্ষা বিষয়ে কোন অভিজ্ঞতা তাঁর না, স্বাস্থাও ভাল ছিল না। এমন একজন ভদ্রলোককে শিক্ষামন্ত্রী নিযুক্ত করার ফলে শিক্ষা বিভাগের উপর অবিচার করা হয়েছে বলে আমার মনে হয়। তিনি নিজে শিক্ষা বিভাগীয় কার্যে মনোযোগ দিতে পারেন নি। তার ফলে তাঁর অধীনস্থ কর্মচারীরা যা ইচ্ছা তাই করে গিয়েছেন। তার ফলে শিক্ষা বিভাগে একটা স্বেচ্ছাচারিতার রাজত্ব চলেছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশ্র এই বিভাগের ভার নিয়েছেন কিন্তু তিনিও নানা বিষয়ে এবং আরো পাঁচটি কাজে নিযুক্ত থাকায় সতাসতাই শিক্ষা বিষয়ে বিশেষ মনোযোগ দিতে পারেন না। তা ছাডা জাপান যাবার আগে যে প্রতিশ্রতি দিয়েছিলেন সে সম্পর্কে তিনি এ পর্যন্ত কোন ব্যবস্থা করেন নি। আমি আশা করি ভবিষ্যতে যিনি শিক্ষামন্ত্রী হবেন তিনি এমন লোক হবেন যিনি এই বিষয়ে অভিজ্ঞ হবেন এবং কেবল শিক্ষা বিভাগেরই ভার নিয়ে থাকবেন—আর পাঁচটার নয়। ডাক্তার র্যদিও স্পার্ক্যান—স্বপার্ক্যানএর পক্ষেও ৪-৫টা বিষয় নিয়ে কাজ করা সম্ভবপর নয়। শিক্ষা সম্পর্কে আর একটি কথা বলতে চাই। এই ইলেভেন ইয়ার্স কোর্স সম্পর্কে ডি. পি. আই, এবং বোর্ডের এ্যাডিমিনিস্টেটর বিভিন্ন রকমের কথা বলেছেন। তাতে সকলে বিদ্রান্ত হচ্ছেন। এখানে নির্দিষ্ট করে কিছ, জানা দরকার। প্রাইমারি এড়কেশন ফ্রি এবং কম্পালসারি করার কথা বলা হয়েছিল, এ বিষয়েও উপযুক্ত ব্যবস্থা করা হয় নি যদিও ডেমক্র্যাটিক গভর্নমেন্ট আমাদের দেশে আছে বলা হচ্ছে। ইংলন্ডএ যখন প্রথম য়্যাডাল্ট ফ্র্যানচাইজ প্রবর্তন হয় তখন ভারপ্রাপত মুল্যী বলেছিলেন

Let us educate our masters.

তাঁরা প্রাইমারী এড়কেশন ফ্রিও বাধ্যতাম্লক করে দিয়ে ইংলন্ডবাসীকৈ প্রাথমিক শিক্ষায় শিক্ষিত করে তুলেছিল। কিন্তু আমাদের দেশে বাধ্যতাম্লক বিনা বেতনে প্রাইমারী শিক্ষার অভাবে এখানে নির্বাচন একটা প্রহসনে পরিণত হতে চলেছে এবং তাহা প্রাইমারী এড়ুকেশনকে বাধ্যতা-মূলক না করার জন্য। আমার নেক্সট পয়েন্ট হচ্ছে—

the State Government has failed to tackle the problem of congestion in traffic by starting State Transport Service.

